106465 - যক্ষ্মা রোগে আক্রান্ত, রোযা রাখতে পারেন না

প্রশ্ন

এক ব্যক্তি তিন বছর ধরে ফুসফুসের যক্ষ্মা রোগে আক্রান্ত। দুইজন মুসলিম ডাক্তার সিদ্ধান্ত দিয়েছেন যে, এই রোগের কারণে তার পক্ষে রোযা রাখা সম্ভবপর নয়। এমতাবস্থায় তার জন্য রমযানের রোযা না রাখা কি জায়েয হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যেহেতু দুইজন মুসলিম ডাক্তার সিদ্ধান্ত দিয়েছেন যে, রোযা রাখলে তার শারীরিক ক্ষতি হবে এমতাবস্থায় তার জন্য রোযা না-রাখার সুযোগ রয়েছে। ইনশা আল্লাহ্ সুস্থ হওয়ার পর সে কাযা আদায় করবে।[সমাপ্ত]

[শাইখ মুহাম্মদ বিন ইব্রাহিম (রহঃ) এর ফতোয়াসমগ্র (৪/১৮১, ১৮২)]

যদি সে পরবর্তীতেও রোযা রাখতে সক্ষম না হয় তাহলে প্রতিদিনের বদলে একজন মিসকীনকে খাওয়ানো তার উপর ওয়াজিব।